


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা ভূমি অফিস  
ক্ষেতলাল, জয়পুরহাট



স্মারক নং-৩১.৪৩.৩৮৬১.০০০.০৬.০০৩.২০-২৪

তারিখঃ ২/০১/২০২২ খ্রি.

অর্পিত পুকুর ইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ক্ষেতলাল উপজেলাধীন নিম্ন তফসিল বর্ণিত অর্পিত পুকুর সমূহ বাংলা ১৪২৮ সন থেকে ১৪৩০ সন পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে প্রকাশ্য নিলাম ডাকের মাধ্যমে শর্ত সাপেক্ষে ইজারা প্রদান করা হবে। আগ্রহী ডাককারীগণকে আগামী ০৯/০২/২০২২ খ্রি. তারিখ বেলা ১১.০০ ঘটিকায় উপজেলা নির্বাহী অফিসার, ক্ষেতলাল মহোদয়ের অফিস কক্ষে উপস্থিত হয়ে নিলাম ডাকে অংশ গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

তফসিল বর্ণিত পুকুর সমূহঃ

ক্রঃ নং	ভিপি কেস নং	ইউনিয়ন	মৌজা	খতিয়ান নং	দাগ নং	পরিমান	মন্তব্য
০১	০৪ভিপি/০৩	বড়তারা	নওটিকা	০২	২৫	০.৭৫	
০২	১৪ ভিপি/৯৭	মামুদপুর	পশ্চিম কৃষ্ণপুর	১২,১৪৬	২৫১	১.৫০	
০৩	২৭ ভিপি/৯৬	মামুদপুর	আয়মাপুর	৪৬	১৫২৯	১.০২	
০৪	০২ ভিপি/০৩	বড়াইল	পশ্চিম ইটাইল	৩৮	১৪৫	০.৮৯	
০৫	০২ ভিপি/৯৮	বড়াইল	বিনাই	১৮৯,১৯০	২৫৫৬	১.৫৮	
০৬	১৫ ভিপি/৯৭	বড়াইল	বিনাই	২,৩,৪	৬৬	০.৩৮	
০৭	১৫ভিপি/৯৮	বড়াইল	বিনাই	১৮৯,১৯০	২৩৩৯	০.৫৯	

- ১। নিলাম ডাকে অংশগ্রহণকারীকে নিলাম ডাক শুরু হওয়ার একঘণ্টা পূর্বে ১০,০০০/- (দশ হাজার) টাকা জামানত হিসেবে জমা প্রদান অন্তে নাম অন্তর্ভুক্ত করতে হবে।
- ২। ডাককারী কর্তৃপক্ষ কর্তৃক সর্বোচ্চ ডাক গৃহীত হলে ডাকের সমুদয় টাকাসহ ১৫% ভ্যাট ও ৫% আয়কর জমা প্রদান করতে হবে।
- ৩। ডাকে অংশ গ্রহণের পূর্বে পুকুরের বাস্তব অবস্থা সরেজমিন দেখে ডাকে অংশ গ্রহণ করতে হবে।
- ৪। কর্তৃপক্ষ কোন কারণে তালিকা সংযোজন/বিয়োজন করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- ৫। ডাক অনুমোদনকারী কর্তৃপক্ষ কর্তৃক চূড়ান্তভাবে অনুমোদিত হলে পুকুরের দখল বুঝে দেয়া হবে।
- ৬। ইজারকৃত পুকুরের কোন প্রকার শ্রেণি পরিবর্তন/পরিবর্ধন/সাব-লীজ প্রদান করা যাবে না এবং পুকুর পাড়ে অবস্থিত কোন প্রকার গাছ কর্তন করা যাবে না, মা মাছ নিধন করা যাবে না। জলমহাল ব্যবস্থাপনা নীতি'২০০৯ ও মৎস্য আইন মেনে চলতে হবে।
- ৭। কর্তৃপক্ষ কোন প্রকার কারণ দর্শানো ছাড়া ডাক বাতিল/স্থগিত/ডাকের তারিখ পরিবর্তন করার ক্ষমতা সংরক্ষণ করেন।

(ইশতিয়াক আহমেদ)

সহকারী কমিশনার (ভূমি)(অঃদাঃ)  
ক্ষেতলাল, জয়পুরহাট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা ভূমি অফিস  
ক্ষেতলাল, জয়পুরহাট




স্মারক নং-৩১.৪৩.৩৮৬১.০০০.০৬.০০৩.২০- ২৪

তারিখঃ ১৫/০১/২০২২ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। জেলা প্রশাসক, জয়পুরহাট
- ২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), জয়পুরহাট
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ক্ষেতলাল, জয়পুরহাট
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, ক্ষেতলাল, জয়পুরহাট
- ৫। মেয়র, ক্ষেতলাল পৌরসভা, ক্ষেতলাল, জয়পুরহাট
- ৬। অফিসার ইনচার্জ, ক্ষেতলাল থানা
- ৭। উপজেলা.....কর্মকর্তা, ক্ষেতলাল, জয়পুরহাট
- ৮। চেয়ারম্যান.....ইউনিয়ন পরিষদ, ক্ষেতলাল, জয়পুরহাট। বিজ্ঞপ্তি স্থানীয় হাট বাজার সমূহে ও জলবহল স্থানে ঢোল শহরতের মাধ্যমে বহল প্রচার করার জন্য অনুরোধ করা হলো।
- ৯। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ক্ষেতলাল সদর/বড়তারা/মামুদপুর/বড়াইল/আলমপুর ইউনিয়ন ভূমি অফিস, ক্ষেতলাল, জয়পুরহাট। তাকে স্থানীয় হাট বাজার সমূহে ও জলবহল স্থানে ঢোল শহরতের মাধ্যমে বহল প্রচার অন্তে প্রতিবেদন দাখিল এবং পুকুরগুলি ইজারা না হওয়া পর্যন্ত সরকারের দখলে রাখার জন্য বলা হলো।
- ১০। অফিস কপি।

  
(ইশতিয়াক আহমেদ)  
সহকারী কমিশনার (ভূমি)(অঃদাঃ)  
ক্ষেতলাল, জয়পুরহাট